# বার্ষিক প্রতিবেদন
# ২০১৬-২০১৭




## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউট

# সূচিপত্র


**আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠার পটভূমি**

**মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদ্‌যাপন**

- উদ্বোধনী অনুষ্ঠান
- আন্তর্জাতিক সেমিনার
- জাতীয় সেমিনার
- শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা
- লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান

**প্রমিত বাংলাভাষার ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি**

- প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তাদের প্রমিত বাংলাভাষার ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ
- সরকারি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটের (পিটিআই) সহকারী ইনস্ট্রাক্টরদের প্রশিক্ষণ
- সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ

**উপভাষা বিষয়ক কর্মশালা**

- খুলনা অঞ্চলের উপভাষা: রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা
- রংপুর অঞ্চলের উপভাষা: রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা

**বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কার্যক্রম**

**আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)**

**প্রকাশনা**

**ব্যয়বিবরণী**

- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
- ইনস্টিটিউটের আয়
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)

# আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠার পটভূমি

বিশ্বের বিপন্ন ও প্রায়-বিলুপ্ত ভাষাসমূহের সংরক্ষণ ও বিকাশের মাধ্যমে সাংস্কৃতিক বৈচিত্র্য সংরক্ষণের লক্ষ্যে ১৯৯৯ সালের ১৭ নভেম্বর জাতিসংঘ কর্তৃক অমর একুশে ফেব্রুয়ারিকে *আন্তর্জাতিক মাতৃভাষা দিবস* ঘোষণা করা হয়। এ স্বীকৃতির ফলে মাতৃভাষার সম্মান ও মর্যাদা রক্ষায় ১৯৫২ সালের ভাষা আন্দোলনে বাঙালির অতুলনীয় আত্মদানের গৌরবোজ্জ্বল ইতিহাস বিশ্বময় পরিচিতি লাভ করেছে। জাতি-ধর্ম-বর্ণ-গোষ্ঠী ও সম্প্রদায় নির্বিশেষে পৃথিবীর সকল মাতৃভাষাভাষী মানুষ এ অর্জনের ফলে উজ্জীবিত এবং মাতৃভাষার উন্নয়ন ও আধুনিকায়নে সচেষ্ট। উল্লেখ্য, এ স্বীকৃতি অর্জনে কানাডাপ্রবাসী (প্রয়াত) রফিকুল ইসলাম এবং কানাডার বহুভাষিক ও বহুজাতিক সংগঠন *Mother Language Lovers of the World* (বিশ্ব মাতৃভাষা প্রেমিকগোষ্ঠী) প্রাথমিক পর্যায়ে সক্রিয় ভূমিকা পালন করে। পরবর্তী পর্যায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু-কন্যা শেখ হাসিনার সময়োচিত ও ত্বরিত পদক্ষেপ গ্রহণের ফলে এ সাফল্য বাস্তব রূপ লাভ করে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৯ সালের ৭ ডিসেম্বর পল্টন ময়দানে অনুষ্ঠিত বিশাল জনসভায় ঘোষণা করেন, 'পৃথিবীর বিকাশমান ও বিলুপ্তপ্রায় ভাষাগুলির মর্যাদা ও অধিকার রক্ষায় গবেষণা করার জন্য ঢাকায় একটি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন করা হবে।' তিনিই ১৫ মার্চ ২০০১ ঢাকার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ সময় জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি এ আনান উপস্থিত ছিলেন। মাননীয় প্রধানমন্ত্রী ২০১০ সালের অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবনের শুভ উদ্বোধন করেন। এর ধারাবাহিকতায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনে ও উদ্দেশ্য বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। উল্লেখ্য, ১২ জানুয়ারি ২০১৬ প্রতিষ্ঠানটি ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউটের স্বীকৃতি লাভ করেছে।


অডিটোরিয়াম (অংশ)


ভাষা জাদুঘর (অংশ)


ভাষা গবেষণাগার (অংশ)


লাইব্রেরি (অংশ)

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের বিভিন্ন স্থাপনা (অংশবিশেষ)

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদ্‌যাপন

- ### উদ্বোধনী অনুষ্ঠান

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট চত্বরে ৫ (পাঁচ) দিনব্যাপী অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করেন (২১ ফেব্রুয়ারি) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম পি-র সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোঃ সোহরাব হোসাইন। প্রবন্ধ উপস্থাপন করেন ভাষাবিজ্ঞানী ও ইউনেস্কো-র ভাষাবিষয়ক পরামর্শক, ভারতের সাহিত্য অ্যাকাডেমির সচিব পদ্মশ্রী অধ্যাপক ড. অন্বিতা আব্বি এবং ধন্যবাদ জ্ঞাপন করেন ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। অনুষ্ঠানে ইউনেস্কো-র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন ইউনেস্কো ঢাকা অফিসের প্রধান বিয়েট্রিস কালডুন।




২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদ্‌যাপনের উদ্বোধনী অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অতিথিবৃন্দ

- ### আন্তর্জাতিক সেমিনার

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদ্‌যাপনের ধারাবাহিকতায় পাঁচ দিনব্যাপী অনুষ্ঠিত ২২-২৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয় আন্তর্জাতিক সেমিনার। এ সেমিনারের বিষয় ছিল Language Documentation and Multilingual Education. তিনটি অধিবেশনে বিভক্ত সেমিনারের উদ্বোধনী অধিবেশনে স্বাগত এবং শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন যথাক্রমে ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী এবং ইউনেস্কো ঢাকা অফিসের

প্রধান বিয়েট্রিস কালডুন। প্রতিপাদ্য বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট ভাষাবিজ্ঞানী ও ইউনেস্কো-র ভাষাবিষয়ক পরামর্শক, ভারতের সাহিত্য অ্যাকাডেমির সচিব পদ্মশ্রী অধ্যাপক ড. অন্বিতা আব্বি।




২২ ফেব্রুয়ারি ২০১৭ : আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন
ইউনেস্কো ঢাকা অফিসের প্রধান বিয়েট্রিস কালডুন

দ্বিতীয় অধিবেশনে সভাপতিত্ব করেন প্রথিতযশা ভাষাবিজ্ঞানী, ভাষাসৈনিক এবং ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস, বাংলাদেশের ইমেরিটাস অধ্যাপক রফিকুল ইসলাম। অধিবেশনে প্রথম প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের বর্তমান চেয়ারম্যান অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান এবং নেপাল অ্যাকাডেমির চ্যান্সেলর ড. গঙ্গাপ্রসাদ উপ্রেতি।

রবীন্দ্র-ভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ও বিশিষ্ট ভাষাবিজ্ঞানী অধ্যাপক পবিত্র সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত তৃতীয় অধিবেশনের প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের ডার্টমাউথ কলেজের ভাষাবিজ্ঞানী অধ্যাপক ডেভিড এ. পিটারসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক পরামর্শক রাজীব মোঃ ইমরান, নেপালের ত্রিভুবন বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের প্রধান অধ্যাপক দানরাজ রেগমি এবং ড. অমবিকা রেগমি বানজারা। অধিবেশনে বিশেষ বক্তা ছিলেন দক্ষিণ কোরিয়ার ইওনসেই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ভাষাবিজ্ঞানী সিউং হি জিউন।

দ্বিতীয় দিনের (২৩/২/২০১৭) প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় সাংস্কৃতিক ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক ও লেখক সুগত চাকমা। অধিবেশনে প্রবন্ধ পাঠ করেন ভারতের ওড়িশা রাজ্য সরকারের ফোকলোর ইনস্টিটিউটের পরিচালক ও শিক্ষা-সমন্বয়ক ড. মহেন্দ্রকুমার মিশ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক মেসবাহ কামাল এবং ইস্টার্ন ইউনিভার্সিটির সাধারণ শিক্ষা সেলের প্রভাষক ফারহানা ইয়াসমিন বাতেন।

দ্বিতীয় অধিবেশনে প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক

সৌরভ সিকদার এবং ভারতের পশ্চিমবঙ্গের কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক কৃষ্ণা ভট্টাচার্য। সঞ্চালকের দায়িত্ব পালন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (অতিরিক্ত সচিব) এবং কবি ও গবেষক কাবেদুল ইসলাম। পঠিত প্রবন্ধের বিষয়বস্তুর সারসংক্ষেপ উপস্থাপন করেন যথাক্রমে অধ্যাপক রফিকুল ইসলাম, অধ্যাপক অন্বিতা আব্বি, ড. মহেন্দ্রকুমার মিশ্র এবং শেখ মোঃ কাবেদুল ইসলাম।

- **জাতীয় সেমিনার**

২৬শে ফেব্রুয়ারি জাতীয় সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারের বিষয়বস্তু ছিলঃ *বাংলাদেশের বাংলা উপভাষা : সংগ্রহ ও সংরক্ষণ* এ সেমিনার দুটি অধিবেশনে বিভক্ত ছিল। প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক ও ভাষাবিজ্ঞানী আ ফ ম দানীউল হক এবং স্বাগত বক্তব্য প্রদান করেন ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। অধিবেশনে তিনটি প্রবন্ধ উপস্থাপিত হয়। *বাংলা উপভাষা সংগ্রহ বিষয়ক ফিল্ডওয়ার্ক* শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ বৈকল্য বিভাগের চেয়ারম্যান অধ্যাপক হাকিম আরিফ। *খুলনার উপভাষায় স্বরধ্বনির বিবর্তন ও বৈচিত্র্য* বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ড. মিজানুর রহমান (উপপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট); *সিলেটের উপভাষা : সাংগঠনিক বিশ্লেষণ ও সমাজতাত্ত্বিক বিবেচনা* শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ড. নূর-ই ইসলাম সেলু বাসিত, [পরিচালক (জনসংযোগ), রেজিস্ট্রার ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়]।




২৬ ফেব্রুয়ারি ২০১৭ : জাতীয় সেমিনারের প্রথম অধিবেশনের সভাপতি অধ্যাপক আ ফ ম দানীউল হক এবং আমাই মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী

দ্বিতীয় অধিবেশনে দুটি প্রবন্ধ উপস্থাপিত হয়। *বাংলাদেশের উপভাষা সংগ্রহ ও সংরক্ষণের সীমাবদ্ধতা* শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন উত্তরা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমিন আরা লেখা। এছাড়া আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সহকারী পরিচালক

(সহকারী অধ্যাপক, বাংলা) ড. মোঃ ইলতেমাস পাঠ করেন *ঠাকুরগাঁও জেলার উপভাষা সংগ্রহ : আঞ্চলিক ও সমাজভাষিক বৈচিত্র্য বিশ্লেষণ* শীর্ষক প্রবন্ধ। অনির্ধারিত প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটের অধ্যাপক ড. এবিএম রেজাউল করিম ফকির। তাঁর প্রবন্ধের বিষয় ছিল *বক্তৃতার ভাষা : ভাষা সংসর্গতত্ত্বের নিরিখে উপভাষা ও ভাষার বিকাশ এবং তার শ্রেণিকরণ*। আলোচনার সারসংক্ষেপ উপস্থাপন করেন অধ্যাপক হাকিম আরিফ এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (অতিরিক্ত সচিব) শেখ মোঃ কাবেদুল ইসলাম। বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের যুগ্মসচিব মাহমুদুল ইসলাম।

## • শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ইনস্টিটিউট চত্বরে ২৫ ফেব্রুয়ারি ২০১৭ অনুষ্ঠিত হয় শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা। সকাল সাড়ে ৯:০০টায় এ প্রতিযোগিতা শুরু হয়। ইউনেস্কো-র এএসপি নেটভুক্ত স্কুলসহ ঢাকানগরীর বিভিন্ন স্কুল এবং বাংলাদেশে অবস্থিত বিদেশি দূতাবাসসমূহের প্রায় ২০০ (দুশো) শিশু এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিচারকের দায়িত্ব পালন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের অধ্যাপক সমরজিৎ রায়চৌধুরী এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিচালক (চারুকলা) মোঃ মনিরুজ্জামান। প্রতিযোগিতা শেষে শিশুদের পুরস্কার ও সনদ প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ।



২৫ ফেব্রুয়ারি ২০১৭ : শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার একাংশ

## • লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অডিটোরিয়ামে ২৫ ফেব্রুয়ারি ২০১৭ সকাল ১১:১৫টায় পরিবেশিত হয় লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে কয়েকটি আঞ্চলিক সাংস্কৃতিক দল, নৃগোষ্ঠীয় সাংস্কৃতিক দল এবং চীনা দূতাবাসের শিশুশিল্পীরা গীতিনাট্য, নৃত্য, আবৃত্তি এবং সঙ্গীত পরিবেশন করে। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিশুদের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের এবং অংশগ্রহণকারী অন্যান্য শিশুদের বই ও সনদ বিতরণ করা হয়।




লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠানে খুলনা অঞ্চলের আঞ্চলিক সাংস্কৃতিক দলের পরিবেশনার দৃশ্য

## ২০১৬-২০১৭ অর্থবছরের সম্পাদিত কার্যাবলি

### • প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তাদের প্রমিত বাংলাভাষার ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ

সরকারি বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তরসমূহে কর্মরত ১ম শ্রেণির কর্মকর্তাদের দাপ্তরিক কাজে প্রমিত বাংলাভাষার ব্যবহার ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক *সরকারি কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে প্রমিত বাংলাভাষার যথাযথ ব্যবহার* শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচির আওতায় ৩য় ব্যাচে (১৬-২০ অক্টোবর ২০১৬ অনুষ্ঠিত) ৩১ জন এবং ৮ম ব্যাচে (১৪-১৮ মে ২০১৭ অনুষ্ঠিত) ২৩ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ভাষাবিজ্ঞানী, ভাষাবিশেষজ্ঞ, মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, আইটি বিশেষজ্ঞ ও আমাই-এর ফ্যাকাল্টিসহ প্রশিক্ষণ বিশেষজ্ঞগণ প্রশিক্ষণের বিভিন্ন অধিবেশন পরিচালনা করেন।





৩য় ও ৮ম ব্যাচের প্রশিক্ষণার্থীদের সঙ্গে মহাপরিচালক ও অন্যান্য

এতে প্রশিক্ষণের বিষয় ছিল: বাংলা উচ্চারণ ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার ব্যবহার এবং এ লিখনবিধির সাহায্যে বাংলা শব্দের উচ্চারণ নির্দেশ; প্রমিত বাংলা বানানের নিয়ম; দাপ্তরিক কাজে পরিভাষার ব্যবহার; সরকারি যোগাযোগ প্রক্রিয়ায় বাংলাভাষার প্রয়োগ-অপপ্রয়োগ; উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার; তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বাংলাভাষার ব্যবহার; বাংলাভাষায় নোট উপস্থাপন ও সারসংক্ষেপ লিখন; বাংলাভাষায় গবেষণাপত্র প্রণয়ন-কৌশল ইত্যাদি।

### • সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ

*সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলাভাষার ব্যবহার* শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে ৪র্থ ব্যাচে (২৭ নভেম্বর-১ ডিসেম্বর ২০১৬ অনুষ্ঠিত) ৩০ জন প্রধান শিক্ষক/সহকারী শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়।



৪র্থ ব্যাচের প্রশিক্ষণার্থীদের সঙ্গে মহাপরিচালক ও অন্যান্য

এতে প্রশিক্ষণের বিষয় ছিল: বাঙালি ও বাংলাভাষার উদ্ভব ও ক্রমবিকাশ; বাংলা উচ্চারণ ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার ব্যবহার এবং এ লিখনবিধির সাহায্যে বাংলা শব্দের উচ্চারণ নির্দেশ; প্রমিত বাংলা বানানের নিয়ম; উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার; তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বাংলাভাষার ব্যবহার; তথ্যপ্রযুক্তির মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদান প্রক্রিয়ায় বাংলা ভাষার ব্যবহার; চিঠি/আবেদনপত্র ও দাপ্তরিক পত্রে বাংলাভাষার যথোপযুক্ত ব্যবহার এবং শুদ্ধ ও অশুদ্ধ প্রয়োগ; কথ্যভাষায় সংহিতা মিশ্রণ (Code-Mixing) ও সংহিতা বদল (Code-Switching)-এর প্রবণতা, প্রতিবর্ণীকরণ (Transcription) ইত্যাদি।

- **সরকারি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটের (পিটিআই) সহকারী ইনস্ট্রাক্টরদের প্রশিক্ষণ**

*সরকারি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটের (পিটিআই) প্রশিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলাভাষার ব্যবহার* শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে ৭ম ব্যাচে (২৩-২৭ এপ্রিল ২০১৭ অনুষ্ঠিত) ২৯ জন এবং ৯ম ব্যাচে (২১-২৫ মে ২০১৭ অনুষ্ঠিত) ২৮ জন সহকারী ইনস্ট্রাক্টরকে প্রশিক্ষণ প্রদান করা হয়।




৭ম ও ৯ম ব্যাচের প্রশিক্ষণার্থীদের সঙ্গে মহাপরিচালক ও অন্যান্য

এতে প্রশিক্ষণের বিষয় ছিল: বাঙালি ও বাংলাভাষার উদ্ভব ও ক্রমবিকাশ; বাংলা উচ্চারণ ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার ব্যবহার এবং এ লিখনবিধির সাহায্যে বাংলা শব্দের উচ্চারণ নির্দেশ; প্রমিত বাংলা বানানের নিয়ম; উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার; তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বাংলাভাষার ব্যবহার; তথ্যপ্রযুক্তির মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদান প্রক্রিয়ায় বাংলা ভাষার ব্যবহার; চিঠি/আবেদনপত্র ও দাপ্তরিক পত্রে বাংলাভাষার যথোপযুক্ত ব্যবহার এবং শুদ্ধ ও অশুদ্ধ প্রয়োগ; কথ্যভাষায় সংহিতা মিশ্রণ (Code-Mixing) ও সংহিতা বদল (Code-Switching)-এর প্রবণতা, প্রতিবর্ণায়ন ইত্যাদি।

- **সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ**

*সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলাভাষার ব্যবহার* শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে ৫ম ব্যাচে (১৮-২২ ডিসেম্বর ২০১৬ অনুষ্ঠিত) ২৬ জন এবং ৬ষ্ঠ ব্যাচে (১৯-২৩ মার্চ ২০১৭ অনুষ্ঠিত) ২৭ জন সহকারী শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের বিষয় ছিল: বাঙালি ও বাংলাভাষার উদ্ভব ও ক্রমবিকাশ; বাংলা উচ্চারণ ও আন্তর্জাতিক

ধ্বনিমূলক বর্ণমালার ব্যবহার এবং এ লিখনবিধির সাহায্যে বাংলা শব্দের উচ্চারণ নির্দেশ; প্রমিত বাংলা বানানের নিয়ম; উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার; তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বাংলাভাষার ব্যবহার; তথ্যপ্রযুক্তির মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদান প্রক্রিয়ায় বাংলা ভাষার ব্যবহার; চিঠি/আবেদনপত্র ও দাপ্তরিক পত্রে বাংলাভাষার যথোপযুক্ত ব্যবহার এবং শুদ্ধ ও অশুদ্ধ প্রয়োগ; কথ্যভাষায় সংহিতা মিশ্রণ (Code-Mixing) ও সংহিতা বদল (Code-Switching)-এর প্রবণতা, সৃজনশীল রচনার কলাকৌশল: প্রশ্ন-উত্তরের ধরন প্রভৃতি।





৫ম ও ৬ষ্ঠ ব্যাচের প্রশিক্ষণার্থীদের সঙ্গে মহাপরিচালক ও অন্যান্য

## উপভাষা বিষয়ক কর্মশালা

- খুলনা বিভাগ

### খুলনা অঞ্চলের উপভাষা: রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা

খুলনা জেলা সার্কিট হাউজ সম্মেলন কক্ষে গত ৬ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত হয় *খুলনা অঞ্চলের উপভাষা: রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা* শীর্ষক কর্মশালা। দিনব্যাপী অনুষ্ঠিত এ কর্মশালার আয়োজন ও অর্থায়ন করে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) এবং বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করে খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয়। কর্মশালায় অংশগ্রহণ করেন খুলনা বিভাগের সকল জেলা থেকে আগত খুলনার উপভাষা বিষয়ক স্থানীয় বিশেষজ্ঞ, সরকারি কর্মকর্তা, লেখক-গবেষক, কবি-সাহিত্যিক, সংস্কৃতিকর্মী, বিশ্ববিদ্যালয় ও সরকারি-বেসরকারি কলেজের বাংলাভাষার শিক্ষক, স্কুলের শিক্ষক, প্রিন্ট এবং ইলেকট্রনিক




প্রধান অতিথি জনাব মোঃ আবদুস সামাদ এবং সভাপতি শেখ মোঃ কাবেদুল ইসলাম-সহ অন্যান্য

মিডিয়ার সাংবাদিকবৃন্দ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার শুভ উদ্বোধন করেন খুলনার বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) মোঃ আবদুস সামাদ। সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) শেখ মোঃ কাবেদুল ইসলাম।

- **রংপুর বিভাগ**

**রংপুর অঞ্চলের উপভাষাঃ রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অর্থায়ন ও তত্ত্বাবধানে এবং রংপুর বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আয়োজনে বিগত ১৩ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত হয় 'রংপুর অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা। রংপুর বিভাগের সকল জেলা থেকে আগত ভাষাবিষয়ক বিশেষজ্ঞ, লেখক, গবেষক, কবি-সাহিত্যিক, সংস্কৃতিকর্মী, বিশ্ববিদ্যালয় ও সরকারি-বেসরকারি কলেজের বাংলাভাষার শিক্ষক, স্কুলের শিক্ষক, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক এবং সরকারি কর্মকর্তাবৃন্দ। অতিরিক্ত সচিব ও আমাই-এর পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) শেখ মোঃ কাবেদুল ইসলাম কর্মশালায় সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে কর্মশালার শুভ উদ্বোধন করেন রংপুরের বিভাগীয় কমিশনার কাজী হাসান আহমেদ।




স্কাইপি-র মাধ্যমে বিশেষজ্ঞমণ্ডলীর প্রশ্নের উত্তর প্রদান করছেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. জীনাত ইমতিয়াজ আলী

## বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কার্যক্রম

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষার মাঠপর্যায়ে তথ্যসংগ্রহের কাজ শেষ হয়েছে। বর্তমানে চূড়ান্ত প্রতিবেদন প্রকাশের কাজ চলছে। উল্লেখ্য, এ সমীক্ষা কার্যক্রমের আওতায় ভাষা ও নৃগোষ্ঠী সংক্রান্ত প্রতিবেদন মোট ২০ (বিশ) খণ্ডে প্রকাশিত হবে (বাংলা ১০ + ইংরেজি ১০)।

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়) কাজের আওতায় ৪র্থ তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত অবকাঠামো নির্মিত হয়েছে। বর্তমানে এর অভ্যন্তরীণ সাজ-সজ্জার কাজসহ লাইব্রেরি অটোমেশন, ভাষা-জাদুঘর ও লিখনবিধি আর্কাইভ ডিজিটালাইজেশনের কাজ চলছে। উল্লেখ্য, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৪৭৭.০০ লক্ষ টাকা।




## প্রকাশনা



### • ২০১৬-১৭ অর্থবছরে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক নিম্নোক্ত গ্রন্থ, পত্রিকা প্রভৃতি মুদ্রিত/প্রকাশিত হয়েছেঃ


১) *মাতৃভাষা বার্তা* (বাংলা) ৩য় বর্ষঃ ৩য়-৪র্থ সংখ্যা (জুলাই-ডিসেম্বর ২০১৬); ২) *মাতৃভাষা বার্তা* (বাংলা) ৪র্থ বর্ষঃ ১ম সংখ্যা (এপ্রিল ২০১৭); ৩) খুলনা অঞ্চলের উপভাষাঃ রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালার প্রতিবেদন (৬ নভেম্বর ২০১৬); ৪) রংপুর অঞ্চলের উপভাষাঃ রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালার প্রতিবেদন (১৩ নভেম্বর ২০১৬); ৫) ব্রশিওর (Brochure)/ পুস্তিকা (ইংরেজি) ২০১৭; ৬) ব্রশিওর (Brochure)/ পুস্তিকা (বাংলা) ২০১৭; ৭) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উপলক্ষে স্মরণিকা; ৮) বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫ (ফেব্রুয়ারি ২০১৭); এবং ৯) বার্ষিক প্রতিবেদন ২০১৫-২০১৬ (ফেব্রুয়ারি ২০১৭)।





# জুলাই ২০১৬ থেকে জুন ২০১৭ পর্যন্ত ব্যয়বিবরণী

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

| কোড নং | খাত/ উপখাত | ২০১৬-২০১৭ অর্থবছরের সংশোধিত বরাদ্দ | ১ম থেকে ৪র্থ কিস্তি | জুলাই/১৬ থেকে জুন/১৭ পর্যন্ত ব্যয় | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|
| ৫৯০১ | (ক) সাধারণ মঞ্জুরিঃ | | | | |
| ৪৫০১ | কর্মকর্তাদের বেতন | ৪৮০০০০০ | ৪৮০০০০০ | ৪৬০৬৫৩২.৫ | ১৯৩৪৬৭.৫ |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ১৭২০০০০ | ১৭২০০০০ | ১৭১৩৮৪০ | ৬১৬০ |
| ৪৭০৫ | বাড়িভাড়া ভাতা | ২৯০০০০০ | ২৯০০০০০ | ২৮১২৫০২ | ৮৭৪৯৮ |
| ৪৭০৯ | শ্রান্তি বিনোদন ভাতা | ১৯০০০০ | ১৯০০০০ | ২৩৯২৭০ | -৪৯২৭০ |
| ৪৭১৩ | উৎসবভাতা | ১১৫০০০০ | ১১৫০০০০ | ৯০৩৯৪০ | ২৪৬০৬০ |
| ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | ১০১০০০ | ১০১০০০ | ১০০৪৪০ | ৫৬০ |
| ৪৭১৭ | চিকিৎসাভাতা | ৩৫০০০০ | ৩৫০০০০ | ৩২৮৫০০ | ২১৫০০ |
| ৪৭৩৩ | আপ্যায়ন ভাতা/ব্যয় নিয়ামক ভাতা | ৩০০০০ | ৩০০০০ | ২৪৩০০ | ৫৭০০ |
| ৪৭৫৫ | টিফিন ভাতা | ৩০০০০ | ৩০০০০ | ২৮৮০০ | ১২০০ |
| ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ৪৫০০০ | ৪৫০০০ | ৪৩২০০ | ১৮০০ |
| ৪৭৭৩ | শিক্ষা সহায়ক ভাতা | ১০০০০০ | ১০০০০০ | ৯১৫০০ | ৮৫০০ |
| ৪৭৯৪ | মোবাইল/সেলুলার ভাতা | ৩০০০০ | ৩০০০০ | ২০৬০০ | ৯৪০০ |
| ৪৭৯৫ | অন্যান্য ভাতা | ৬৫০০০০ | ৬৫০০০০ | ৬৩৪৫০০ | ১৫৫০০ |
| ৪৮০১ | ভ্রমণভাতা | ৭১০০০০০ | ৭১০০০০০ | ২৩৯৪১২০ | ৪৭০৫৮৮০ |
| ৪৮০৫ | ওভার টাইম | ২৫০০০০ | ২৫০০০০ | ২৩৫৬০৭ | ১৪৩৯৩ |
| ৪৮১০ | পৌরকর | ২৫০০০ | ২৫০০০ | ৮৬৪০ | ১৬৩৬০ |
| ৪৮১১ | ভূমিকর | ২৫০০০ | ২৫০০০ | ১২৭৪৭ | ১২২৫৩ |

| কোড নং | খাত/ উপখাত | ২০১৬-২০১৭ অর্থবছরের সংশোধিত বরাদ্দ | ১ম থেকে ৪র্থ কিস্তি | জুলাই/১৬ থেকে জুন/১৭ পর্যন্ত ব্যয় | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|
| ৪৮১৬ | টেলিফোন/টেলিগ্রাম | ৩০০০০০ | ৩০০০০০ | ৬৫১১৮ | ২৩৪৮৮২ |
| ৪৮১৭ | ইন্টারনেট/ট্যালেক্স/ফ্যাক্স | ১০০০০০ | ১০০০০০ | ১১২০৪৪ | -১২০৪৪ |
| ৪৮১৯ | পানি | ৩৫০০০০ | ৩৫০০০০ | ৩৩০৫০৮ | ১৯৪৯২ |
| ৪৮২১ | বিদ্যুৎ | ২০০০০০০ | ২০০০০০০ | ২০১৯৮৩৫ | -১৯৮৩৫ |
| ৪৮২২ | গ্যাস ও জ্বালানি | ৪৩০০০০ | ৪৩০০০০ | ২৫০২৫২ | ১৭৯৭৪৮ |
| ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিক্যান্ট | ২৫০০০০ | ২৫০০০০ | ১৭৪৩৯৩ | ৭৫৬০৭ |
| ৪৮২৭ | মুদ্রণ ও প্রকাশনা | ১০০০০০০ | ১০০০০০০ | ৩৪০১৭০ | ৬৫৯৮৩০ |
| ৪৮২৮ | স্টেশনারি দ্রব্যাদি | ১৫০০০০ | ১৫০০০০ | ১১০২৭৮ | ৩৯৭২২ |
| ৪৮২৯ | গবেষণা ব্যয় | ৭৫০০০০০ | ০ | ০ | ০ |
| ৪৮৩১ | বইপত্র, সাময়িকী | ২০০০০০ | ২০০০০০ | ১৯৯৭৩৭ | ২৬৩ |
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | ২০০০০০ | ২০০০০০ | ১২২১৮৭ | ৭৭৮১৩ |
| ৪৮৩৬ | ইউনিফর্ম | ২০০০০ | ২০০০০ | ১৯৯৫০ | ৫০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | ২০৫০০০০ | ২০৫০০০০ | ১৯৬৩৩৩২ | ৮৬৬৬৮ |
| ৪৮৪২ | সেমিনার, কনফারেন্স | ১০০০০০০ | ১০০০০০০ | ৪৫৫৫০০ | ৫৪৪৫০০ |
| ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয় | ১৪৪০০০ | ১৪৪০০০ | ১০২৫৮৩ | ৪১৪১৭ |
| ৪৮৫১ | শ্রমিক মজুরি | ২০০০০ | ২০০০০ | ০ | ২০০০০ |
| ৪৮৮৩ | সম্মানী | ১০০০০০ | ১০০০০০ | ৩৪০০০ | ৬৬০০০ |
| ৪৮৮৮ | কম্পিউটার সামগ্রী | ৩০০০০০ | ৩০০০০০ | ৩১১৯০০ | -১১৯০০ |
| ৪৮৯০ | অনুষ্ঠান উৎসবাদি | ৪৭০০০০০ | ৪৭০০০০০ | ৩৪০২৫৪১ | ১২৯৭৪৫৯ |
| ৪৮৯৯ | অন্যান্য | ৪৭০০০০০ | ৪৭০০০০০ | ৪৪৫৫৮৪৯ | ২৪৪১৫১ |
| ৪৯০১ | মটরযান মেরামত | ১৫০০০০ | ১৫০০০০ | ১০৭৬১৭ | ৪২৩৮৩ |

| কোড নং | খাত/ উপখাত | ২০১৬-২০১৭ অর্থবছরের সংশোধিত বরাদ্দ | ১ম থেকে ৪র্থ কিস্তি | জুলাই/১৬ থেকে জুন/১৭ পর্যন্ত ব্যয় | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত | ১৫০০০০ | ১৫০০০০ | ১১৩৭৫০ | ৩৬২৫০ |
| | **(ক) উপমোট=** | **৪৫৩১০০০০** | **৩৭৮১০০০০** | **২৮৮৯০৫৮২.৫** | **৮৯১৯৪১৭.৫** |
| ৫৯৯৮ | **মূলধন মঞ্জুরিঃ** | | ০ | | |
| ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয় | ১৬০০০০ | ১৬০০০০ | ১৩০৫০০ | ২৯৫০০ |
| ৬৮২১ | আসবাবপত্র | ৩০০০০ | ৩০০০০ | ২৩৬৫০ | ৬৩৫০ |
| | (খ) উপমোট = | ১৯০০০০ | ১৯০০০০ | ১৫৪১৫০ | ৩৫৮৫০ |
| | **সর্বমোট (ক+খ)** | **৪৫৫০০০০০** | **৩৮০০০০০০** | **২৯০৪৪৭৩২.৫** | **৮৯৫৫২৬৭.৫** |



## ইনস্টিটিউটের আয়

**অর্থবছরঃ ২০১৬-২০১৭**

| ক্রমিক নং | আয়ের উৎস | প্রাপ্ত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | অডিটোরিয়াম ভাড়া বাবদ প্রাপ্ত | ১০,৮৬,১৫০.০০ | ভ্যাটসহ |
| ০২ | গেস্টরুম ভাড়া বাবদ প্রাপ্ত | ২৩,৭০০.০০ | |
| | মোট= | **১১,০৯,৮৫০.০০** | |

* উক্ত সমুদয় অর্থ কোড নং (ভাড়া) ১-৩২৩৭-০০০০-২১০১ ও (ভ্যাট) ১-১১৩৩-০০১০-৩১১-এ জমা করা হয়েছে।

## জুলাই ২০১৬ থেকে জুন ২০১৭ পর্যন্ত ব্যয়বিবরণী

### আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন (২য় পর্যায়)

| কোড নং | খাত/ উপখাত | সংশোধিত বরাদ্দ | জুলাই/১৬ থেকে জুন/১৭ পর্যন্ত ব্যয় | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| ৪৫০১ | কর্মকর্তাদের বেতন | ১৭০০০০০.০০ | ৪১৯৫১০.০৭ | ১২৮০৪৮৯.৯৩ |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ১৬২০৫০০.০০ | ১৩২০০০.০০ | ১৪৮৮৫০০.০০ |
| ৪৭০৫ | বাড়িভাড়া ভাতা | ১৫০০০০০.০০ | ৩০২১০২.০০ | ১১৯৭৮৯৮.০০ |
| ৪৭০৯ | শ্রান্তি বিনোদন ভাতা | ৫০০০০.০০ | ৩২৩৯০.০০ | ১৭৬১০.০০ |
| ৪৭১৩ | উৎসবভাতা | ৩০০০০০.০০ | ৮৪৪৫৮.০০ | ২১৫৫৪২.০০ |
| ৪৭১৭ | চিকিৎসাভাতা | ১০০০০০.০০ | ৩৬৭০০.০০ | ৬৩৩০০.০০ |
| ৪৭৫৫ | টিফিন ভাতা | ৫০০০০.০০ | ২৪০০.০০ | ৪৭৬০০.০০ |
| ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ৫০০০০.০০ | ৩৬০০.০০ | ৪৬৪০০.০০ |
| ৪৭৭৩ | শিক্ষা সহায়ক ভাতা | ৪০০০০.০০ | ১২৩০০.০০ | ২৭৭০০.০০ |
| ৪৭৯৫ | অন্যান্য ভাতা | ১০০০০০.০০ | ০.০০ | ১০০০০০.০০ |
| ৪৮০১ | ভ্রমণভাতা | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৮০৫ | ওভার টাইম | ১৩০০০০.০০ | ১২৯৬০৫.০০ | ৩৯৫.০০ |
| ৪৮২২ | গ্যাস ও জ্বালানি | ১১০০০০.০০ | ১০৯২৭৯.০০ | ৭২১.০০ |
| ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিক্যান্ট | ৬৫০০০.০০ | ৬৩৯৩৭.০০ | ১০৬৩.০০ |
| ৪৮২৮ | স্টেশনারি দ্রব্যাদি | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮৪৩১ | বুক অ্যান্ড জার্নাল | ১৫০০০০০০.০০ | ০.০০ | ১৫০০০০০০.০০ |
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৮৩৬ | ইউনিফর্ম | ২৫০০০.০০ | ২৫০০০.০০ | ০.০০ |

| কোড নং | খাত/ উপখাত | সংশোধিত বরাদ্দ | জুলাই/১৬ থেকে জুন/১৭ পর্যন্ত ব্যয় | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয় | ৩০০০০.০০ | ২৭৪৪৪.০০ | ২৫৫৬.০০ |
| ৪৮৫১ | শ্রমিক মজুরি | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৭৭৪ | পরামর্শক (আর্কাইভ) | ৫০৮৫০০০.০০ | ০.০০ | ৫০৮৫০০০.০০ |
| ৪৭৭৪ | পরামর্শক (সিভিল) | ৮২৫০০০.০০ | ০.০০ | ৮২৫০০০.০০ |
| ৪৮৮৩ | সম্মানী | ১৫০০০০.০০ | ১৪৫২০০.০০ | ৪৮০০.০০ |
| ৪৮৮৮ | কম্পিউটার সামগ্রী | ৭৫০০০.০০ | ৭০৬৭৫.০০ | ৪৩২৫.০০ |
| ৪৮৯৯ | অন্যান্য | ২১৬০০০০.০০ | ২১৫৭৭০৮.০০ | ২২৯২.০০ |
| ৪৯০১ | মটরযান মেরামত | ২৬৪০০০.০০ | ৩৯০৪৩.০০ | ২২৪৯৫৭.০০ |
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত | ২০০০০০.০০ | ০.০০ | ২০০০০০.০০ |
| ৬৮১৩ | ল্যাঙ্গুয়েজ ইকুইপমেন্ট, লাইব্রেরি অটোমেশন ইকুইপমেন্ট | ৩০০০০০০০.০০ | ০.০০ | ৩০০০০০০০.০০ |
| ৬৮৪৯ | মিউজিয়াম ও আর্কাইভ স্থাপন | ৪৫০০০০০০.০০ | ৩৬৮০০১৪৫.০০ | ৮১৯৯৮৫৫.০০ |
| ৭০০৬ | অফিস ভবন নির্মাণ | ১০৩০০০০০.০০ | ৯৭৫২৫৯৪.০০ | ৫৪৭৪০৬.০০ |
| ৭০৫৬ | সোলার প্যানেল ক্রয় ও স্থাপন | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭০৮১ | অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭৯৮০ | কন্টিজেন্সি (ফিজিক্যাল) | ৯৩৫৩০০০.০০ | ০.০০ | ৯৩৫৩০০০.০০ |
| ৭৯৮০ | কন্টিজেন্সি (প্রাইস) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | **সর্বমোট ব্যয় =** | **১২৪২৮২৫০০.০০** | **৫০৩৪৬০৯০.০৭** | **৭৩৯৩৬৪০৯.৯৩** |

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউট

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০